২১০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 DEC 1997 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৭ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# পরীক্ষা শেষ হওয়ার দুই মাসের মধ্যে ফল প্রকাশের নির্দেশ

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেকোন পরীক্ষা সম্পন্ন হওয়ার দুই মাসের মধ্যে ফলাফল প্রকাশ বাধ্যতামূলক করা হইয়াছে। নির্ধারিত এই সময়ের মধ্যে কোন বিভাগ বা ইন্সটিটিউট ফল প্রকাশে ব্যর্থ হইলে তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে। দীর্ঘকাল ধরিয়া পরীক্ষার ফল প্রকাশের ক্ষেত্রে অহেতুক বিলম্ব ও গড়িমসি চলার কারণে (২য় পৃঃ দ্রঃ)

## নির্দেশ

(১ম পৃষ্ঠার পর)

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়নসহ বিভিন্ন পরীক্ষায় শিক্ষকদের পারিতোষিকের হার বৃদ্ধি করা হইয়াছে।

গত ৬/৭ বছর ধরিয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের পরীক্ষা সম্পন্ন হওয়ার পর ফল প্রকাশ নিয়া অনিশ্চয়তা ও গড়িমসি চলিয়া আসিতেছে। বিশ্ববিদ্যালয়ের মোট ৪২টি বিভাগের মধ্যে কয়েকটি বাদে অধিকাংশ বিভাগের অনার্স ও মাস্টার্স পরীক্ষার ফলাফল প্রকাশ করিতে ৬ মাস হইতে এক বছর কাটাইয়া দেওয়া হয়। এমনকি দেড় বছর অতিক্রান্ত হইলেও ৩/৪টি বিভাগের অনার্স এবং মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশিত না হওয়ার নজির চলিয়া আসিতেছে। পরীক্ষার ফল প্রকাশের দাবীতে ছাত্র-ছাত্রীদের আন্দোলন পর্যন্ত করিতে হয়।

ফল প্রকাশের বিলম্বের কারণ হিসাবে শিক্ষকদের অখন্ড মনোযোগের অভাব এবং দায়িত্ব পালনে অবহেলাকে চিহ্নিত করা হইয়া থাকে। পরীক্ষা শেষ হওয়ার পর অধিকাংশ শিক্ষক উত্তরপত্র মূল্যায়ন করিয়া পরীক্ষা পরিচালনা কমিটির নিকট দ্রুত নম্বরপত্র জমা দিলেও কিছু শিক্ষক সময়মত নম্বর জমা দেন না। 'দিতেছি-দিব' করিয়া মাসের পর মাস পার করিয়া দেন। কেহ কেহ আবার উত্তরপত্র লকারে তালাবদ্ধ করিয়া বিদেশে পাড়ি জমান। ফলে ফলাফল প্রকাশ নিয়া ছাত্র-ছাত্রীদের অনিশ্চয়তায় ভুগিতে হয়।

এই প্রেক্ষাপটে বিষয়টি গত ৪ঠা ডিসেম্বর সিন্ডিকেট সভায় আলোচনার পর ২ মাসের মধ্যে ফল প্রকাশ করা বাধ্যতামূলক করা হইয়াছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রস্তাবের প্রেক্ষিতে বিভিন্ন পরীক্ষার পারিতোষিকের হার শতকরা ২০ হইতে ৪৫ ভাগ বৃদ্ধির প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। এই হার হইল : তিন ঘন্টার কোন পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের জন্য ২২৫ টাকার পরিবর্তে ২৫০ টাকা প্রদান করা হইবে। ৪ ঘন্টার পরীক্ষার ৩০০ টাকার পরিবর্তে ৪০০ টাকা। ২ ঘন্টার পরীক্ষার ১৫০ টাকার পরিবর্তে ২০০ টাকা দেওয়া হইবে। এই পরীক্ষাগুলি হইল ঃ বিএ, বিএসসি, বিকম, প্রথম ও শেষপর্ব বিএফএ, ডিপ্লোমা সমতুল্য পরীক্ষা। উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে ৪ ঘন্টার পরীক্ষার জন্য ১০ টাকার পরিবর্তে ১৫ টাকা, ৩ ঘন্টার পরীক্ষার ৭ টাকার পরিবর্তে ১০ টাকা এবং ২ ঘন্টার পরীক্ষার জন্য ৬ টাকার পরিবর্তে ১০ টাকা প্রদান করা হইবে।

শেষপর্ব এমএ, এমএসএস, এমকম ও ইহার সমতুল্য ৪ ঘন্টা পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের জন্য ৩৫০ টাকার পরিবর্তে ৫০০ টাকা। উত্তরপত্র মূল্যায়নের জন্য ১৮ টাকা হইতে ২২ টাকা, ৩ ঘন্টার পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নে ৩২৫ টাকা হইতে বৃদ্ধি করিয়া ৪৫০ টাকা, উত্তরপত্র মূল্যায়নে ১৫ টাকার পরিবর্তে ১৮ টাকা এবং ২ ঘন্টার পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের জন্য ২৬০ টাকার পরিবর্তে ৩০০ টাকা। উত্তরপত্র মূল্যায়নের জন্য ২০ টাকার পরিবর্তে ২৫ টাকা প্রদান করা হইবে। যে সকল ক্ষেত্রে প্রশ্নপত্র বাংলা ও ইংরেজীতে করিতে হয় সেই সকল ক্ষেত্রে অনুবাদের জন্য প্রশ্নপত্রের পারিশ্রমিকের শতকরা ৩৫ ভাগ অনুবাদের পারিশ্রমিক হিসাবে পাইবে।